

# যুগান্তর

তারিখ .. 0.5 FEB 2007 ..  
পৃষ্ঠা ৪০ কলাম .. ৩

ফর্ম ১৫  
৪৬

## রাজশাহী শিক্ষা বোর্ডে স্কুল কলেজে ভর্তিতে কম্পিউটার পদ্ধতি চালু

### রাজশাহী বারো

রাজশাহী শিক্ষা বোর্ড উত্তরাঞ্চলের ১৬ কোলার স্কুল ও কলেজের পরীক্ষা সংক্রান্ত তথ্য আদান-প্রদানের সুবিধার্থে কম্পিউটারাইজড পদ্ধতি চালু করতে যাচ্ছে। এ পদ্ধতি চালু হচ্ছে আগামী ৬ ফেব্রুয়ারি থেকে। উত্তরাঞ্চলের বিভিন্ন প্রান্ত ও দূর-দূরান্ত থেকে আসা শিক্ষক ও শিক্ষার্থীদের হয়রানি ঠেকাতে এ জন্য ইতিমধ্যেই শিক্ষা বোর্ডের নিচতলায় এক ডজন কম্পিউটারের সমন্বয়ে স্থাপন করা হয়েছে একটি তথ্য কেন্দ্র। রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে স্কুল ও কলেজের পরীক্ষা সংক্রান্ত দাবতীয় কাজ আগে বিভিন্ন কর্মকর্তার রুমে করা হতো। এর ফলে উত্তরাঞ্চলের বিভিন্ন প্রান্ত থেকে আসা স্কুল ও

কলেজের প্রতিনিধি এবং শিক্ষার্থীরা চরম হয়রানির শিকার হন। আর এ কারণেই শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ আগতকালের হয়রানি ঠেকাতে সম্প্রতি কম্পিউটার পদ্ধতি চালু করেছে। শিক্ষা বোর্ডের নিচতলায় যত একটি কক্ষে ১২টি কম্পিউটার ও প্রয়োজনীয় দোকবল নিয়ে কাজ শুরু হয়েছে। কম্পিউটারাইজড এ পদ্ধতিতে নবন শ্রেণীর রেজিস্ট্রেশন সংশোধনীয় জমা এসআইএফ প্রিন্ট আউট, বিতরণ ও জমা, প্রাইভেটসহ সব পরীক্ষার্থীর অনুমতি ফরম বিতরণ ও জমা, এসএসসি'র নিবন্ধন ফরম, এইচএসসি পরীক্ষার্থীদের প্রিন্ট আউট ফরমসহ ফরম জমা দেয়া ও নেয়া হবে।